

জবি/প্রশা-১৩(২)/২০০৮/৬৪৯



জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

তারিখ: ০২ ফেব্রুয়ারি, ২০২২


নিয়োগ বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে Online-এ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.hrm.erp.jnu.ac.bd/employee_online_application) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রম. | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কে.-২০১৫) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|-------|---|-----------------|--|
| ১. | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) টাকা=২৯,০০০-৬৩,৪১০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) | ১ (এক) টি | ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত বিষয়সমূহ/ ব্যবসায় প্রশাসন/অর্থনীতিতে ন্যূনতম ২য় শ্রেণী/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। খ) শিক্ষা জীবনে ন্যূনতম একটি ১ম বিভাগ/শ্রেণী থাকতে হবে এবং কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে টাকা ২২০০০-৫৩০৬০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) বেতনক্রমে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৪(চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ঘ) পাবলিক বিশ্ববিদ্যালয়ে হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। |

সাধারণ শর্তাবলী :

- শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও নম্বরপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)- এর সত্যায়িত প্রতিলিপি, জাতীয় পরিচয়পত্র-এর সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি যুক্ত করে online -এ দাখিলকৃত আবেদন ফরম-এর প্রিন্ট কপিসহ ০৮(আট) সেট পূর্ণাঙ্গ আবেদনপত্র ১৭/০২/২০২২ তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/সরাসরি) পৌছাতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিপালিত হবে। বাছাই বোর্ডের সদস্যদের সাথে ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।
- উল্লিখিত পদের জন্য ৪০০.০০ (চারশত) টাকা করে SuerCash/Nagad/Rocket- এর মাধ্যমে Payment করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে কেবলমাত্র একটি অনর্জনযোগ্য (Unattainable) যোগ্যতার (বয়স/শিক্ষাগত যোগ্যতা) শর্ত শিথিলযোগ্য।
- বিজ্ঞাপিত পদে সরাসরি কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর সর্বমোট সক্রিয় চাকরিকাল/অভিজ্ঞতা নিরূপন করার সময় অন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকরিকালের ৭৫% তবে স্ব-পদের/ফিডার পদের পূর্ণ চাকরিকালসহ সর্বোচ্চ ১২ বছর গণনা করা হবে:
- কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না।
- লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না।
- সকল যোগ্যতা ও অভিজ্ঞতার শর্ত পূরণ করলে অভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।


২/২/২০২২
(প্রকৌশলী মোঃ ওমিদুজ্জামান)
রেজিস্ট্রার